দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 16 SEP 2017 ...
পৃষ্ঠা ...৩... কলাম...১......

গ ইউনিটের পরীক্ষা সম্পন্ন

# ঢাবি চ ইউনিটের পরীক্ষা আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের প্রথমবর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের ৫৩টি কেন্দ্রে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এসময় ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ বছর গ-ইউনিটে এক হাজার ২৫০টি আসনের বিপরীতে ২৯ হাজার ৩১১ জন ভর্তিচ্ছু ভর্তি পরীক্ষায় অংশ নেয়।

**'চ' ইউনিটের পরীক্ষা শনিবার ॥** ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের অধীনে প্রথম বর্ষ বিএফএ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) শনিবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত চারুকলা অনুষদে অনুষ্ঠিত হবে। চ-ইউনিটে ১৩৫টি আসনের ভর্তিচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা ১৩,৪৭২জন। উক্ত ভর্তি পরীক্ষা চারুকলা অনুষদসহ ক্যাম্পাসের মোট ১১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। আগামী ২৩ সেপ্টেম্বর ২০১৭ শনিবার চ-ইউনিটের অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।